কোভিড-19 টিকার জন্য প্রাক-টিকা সেবন যাচাই তালিকা

টিকা সেবনকারীদের জন্য:

নাম ______________________

বয়স ______________________

নিচের প্রশ্নগুলি আমাদেরকে নির্ধারণ করতে সাহায্য করবে যে আজ আপনার কোভিড-19 টিকা না নেওয়ার কোনো কারণ থাকতে পারে কিনা। **যদি কোনো একটি প্রশ্নেরও উত্তর "হ্যাঁ" হয়, তাহলে তার মানে এই নয় যে আপনার টিকা সেবন করা উচিত নয়।** এর অর্থ হল, অতিরিক্ত প্রশ্ন জিজ্ঞাসা করা হতে পারে। কোনো প্রশ্ন স্পষ্ট না হলে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে সেটি বুঝিয়ে বলতে বলুন।

	হ্যাঁ	না	জানি না
1. আপনার কি আজ অসুস্থ লাগছে?	☐	☐	☐
2. আপনি কি কখনো কোভিড-19 টিকার কোনো ডোজ নিয়েছেন?	☐	☐	☐
• যদি হ্যাঁ, হয় তাহলে আপনি কোন টিকাটি নিয়েছেন? ☐ফাইজার ☐মডার্না ☐ইয়ানসেন *(জনসন অ্যান্ড জনসন)* ☐ অন্য কোনো টিকা ________			
• আপনি কি আপনার টিকা সেবনের রেকর্ড কার্ড বা অন্য কোনো নথিপত্র এনেছেন? *(হ্যাঁ/না)*	☐	☐	
3. আপনার কি কখনো এগুলিতে অ্যালার্জি হয়েছে: *(এর মধ্যে গুরুতর অ্যালার্জিক প্রতিক্রিয়া অন্তর্ভুক্ত থাকবে [যেমন, অ্যানাফাইল্যাক্সিস] যার জন্য এপিনেফ্রিন বা এপিপেন® দিয়ে চিকিৎসার দরকার হয় বা যার জন্য আপনাকে হাসপাতালে যেতে হয়। এর মধ্যে এমন অ্যালার্জিক প্রতিক্রিয়াও অন্তর্ভুক্ত থাকবে যার ফলে আমবাত, ফোলা বা বুকে সাঁ সাঁ শব্দসহ শ্বসনতন্ত্রের অসুস্থতা দেখা দেয়।)*			
• কোভিড-19 টিকার মধ্যে নিচের উপাদানগুলির মধ্যে যে কোনো একটি ছিল: ○ পলিইথিলিন গ্লাইকোল (PEG), যা জোলাপ এবং কোলনস্কপি পদ্ধতির জন্য প্রস্তুতির ওষুধের মতো কিছু ওষুধে পাওয়া যায়	☐	☐	☐
○ পলিসরবেট, যেটি কিছু টিকা, ফিল্ম দিয়ে মোড়া ট্যাবলেট এবং ইন্ট্রাভেনাস স্টেরয়েডে থাকে	☐	☐	☐
• কোভিড-19 টিকার আগের ডোজ	☐	☐	☐
4. অন্য কোনো টিকা *(কোভিড-19 টিকা ছাড়া)* বা ইঞ্জেকশনের মাধ্যমে কোনো ওষুধ নিয়ে কি আপনার কখনো কোনো অ্যালার্জিক প্রতিক্রিয়া হয়েছিল? *(এর মধ্যে গুরুতর অ্যালার্জিক প্রতিক্রিয়া অন্তর্ভুক্ত থাকবে [যেমন, অ্যানাফাইল্যাক্সিস] যার জন্য এপিনেফ্রিন বা এপিপেন® দিয়ে চিকিৎসার দরকার হয় বা যার জন্য আপনাকে হাসপাতালে যেতে হয়। এর মধ্যে এমন অ্যালার্জিক প্রতিক্রিয়াও অন্তর্ভুক্ত থাকবে যার ফলে আমবাত, ফোলা বা বুকে সাঁ সাঁ শব্দসহ শ্বসনতন্ত্রের অসুস্থতা দেখা দেয়।)*	☐	☐	☐
5. আপনার ক্ষেত্রে প্রযোজ্য সবকটিতে টিক দিন:			

- ☐ আমি 18 থেকে 49 বছর বয়স্কা একজন মহিলা
- ☐ টিকা বা ইঞ্জেকশনের মাধ্যমে দেওয়া থেরাপি ছাড়াও খাবার, পোষ্য, বিষ, পরিবেশ বা মুখে গ্রহণ করার ওষুধ থেকে গুরুতর অ্যালার্জিক প্রতিক্রিয়া হয়েছিল
- ☐ কোভিড-19 হয়েছিল এবং মোনোক্লোনাল অ্যান্টিবডি অথবা কনভালেসেন্ট সিরাম দিয়ে চিকিৎসা করা হয়েছিল
- ☐ কোভিড-19 সংক্রমণের পরে মাল্টিসিস্টেম ইনফ্লেমেটরি সিন্ড্রোম (MIS-C বা MIS-A) ধরা পড়ে
- ☐ রোগ প্রতিরোধ ব্যবস্থা দুর্বল (যেমন, এইচআইভি সংক্রমণ, ক্যান্সার)
- ☐ প্রতিরোধ ক্ষমতা দুর্বলকারী ওষুধ বা থেরাপি নেন
- ☐ রক্ত জমাট বাঁধার সাথে সংশ্লিষ্ট অসুস্থতা আছে
- ☐ রক্ত পাতলা করার ওষুধ সেবন করেন
- ☐ হেপারিন-ইনডিউসড থ্রম্বোসাইটোপিনিয়ার (HIT) ইতিহাস আছে
- ☐ বর্তমানে গর্ভবতী বা স্তন্যপান করাচ্ছেন
- ☐ ডার্মাল ফিলার নিয়েছেন

ফরম পর্যালোচনা করেছেন ______________________ **তারিখ** ____________

এই পৃষ্ঠাটি ইচ্ছাকৃতভাবে ফাঁকা রাখা হয়েছে।

কোভিড-19 টিকার জন্য প্রাক-টিকা সেবন যাচাই তালিকা

স্বাস্থ্যসেবার পেশাদারদের জন্য তথ্যাবলী

কোভিড-19 টিকার নিদানিক নীতি নির্দেশিকার ব্যাপারে আরও তথ্য জানতে, দেখুন https://www.cdc.gov/vaccines/covid-19/ info-by-product/clinical-considerations.html.

টিকা সেবনের চর্চা সংক্রান্ত উপদেষ্টা কমিটির অতিরিক্ত তথ্য পেতে *টিকা সেবনের সাধারণ নীতি নির্দেশিকা*, দেখুন https://www.cdc.gov/vaccines/hcp/acip-recs/general-recs/index.html.

কোভিড-19 টিকাগুলি ভিন্ন বয়ঃগোষ্ঠীর জন্য অনুমোদিত এবং পেশির মধ্যে দুটি ডোজের সিরিজে বা একক ডোজে দেওয়া হয়।

টিকা পণ্য	অনুমোদিত বয়ঃগোষ্ঠী	সিরিজ	মধ্যবর্তী সময়
ফাইজার-বায়োএনটেক কোভিড-19 টিকা	12 বছর বা তার বেশি বয়সী	2টি ডোজ	21 দিন
মডার্না কোভিড-19 টিকা	18 বছর বা তার বেশি বয়সী	2টি ডোজ	28 দিন
ইয়ানসেন কোভিড-19 টিকা (জনসন অ্যান্ড জনসন)	18 বছর বা তার বেশি বয়সী	1টি ডোজ	প্রযোজ্য নয়

কোনো পণ্যের অনুমোদিত বয়ঃগোষ্ঠীর বহির্ভূত কোনো ব্যক্তির টিকাটি নেওয়া উচিত নয়।

যেসব ব্যক্তির কোভিড-19 টিকা সেবনে কোনো বিধিনিষেধ নেই তাদের জন্য টিকা সেবনের পরে পর্যবেক্ষণের সময়

- **30 মিনিট:**
  - কোনো টিকা বা ইঞ্জেকশনের মাধ্যমে নেওয়া থেরাপি থেকে সঙ্গে সঙ্গে যেকোনো তীব্রতার অ্যালার্জিক প্রতিক্রিয়া দেখা দেওয়ার ইতিহাস
  - ভিন্ন ধরনের কোনো কোভিড-19 টিকা নেওয়ার ক্ষেত্রে নিষেধাজ্ঞা (যেমন, যেসব ব্যক্তির mRNA টিকা নেওয়ার ক্ষেত্রে নিষেধাজ্ঞা আছে তারা ইয়ানসেন (জনসন অ্যান্ড জনসন কোভিড-19 টিকা) নেন
  - কোনো কারণে অ্যানাফাইল্যাক্সিসের ইতিহাস আছে
- **15 মিনিট:**
  - অন্যান্য সব ব্যক্তি

কোভিড-19 টিকা এবং অন্য টিকার সহপ্রয়োগ

কোভিড-19 টিকা এবং অন্যান্য টিকা **সময় নির্বিশেষে প্রয়োগ করা হতে পারে।** এর মধ্যে একই সাক্ষাতে পর পর কোভিড-19 টিকা ও অন্যান্য টিকা নেওয়াও অন্তর্ভুক্ত রয়েছে। অন্যান্য টিকা কোভিড-19 টিকা সেবনের পরে বা আগে যেকোনো সময়েও প্রয়োগ করা হতে পারে।

1. আপনার কি আজ অসুস্থ লাগছে?

গুরুতর অসুস্থতা থাকলেই যে টিকার কার্যকারিতা কমে যায় বা বিরূপ প্রতিক্রিয়া বেড়ে যায় এমন কোনো প্রমাণ নেই, তবুও সতর্কতা হিসেবে **মাঝারি থেকে গুরুতর অসুস্থ রোগীদের টিকা সেবন** অসুস্থতা সেরে না যাওয়া পর্যন্ত স্থগিত রাখাই শ্রেয়।

কোনো ব্যক্তির SARS-CoV-2 সংক্রমণ হয়ে থাকলে তিনি যতদিন না গুরুতর অসুস্থতা থেকে সেরে উঠছেন এবং নিভৃতবাস বন্ধ না করছেন ততদিন অবধি টিকা সেবন বন্ধ রাখতে হবে। দুই-ডোজের টিকার ক্ষেত্রে SARS-CoV-2 সংক্রমণ সেবনকারীর দুটি ডোজের মধ্যে প্রথম ডোজ সেবনের আগে হোক বা না হোক এই প্রস্তাবনাটি প্রযোজ্য হবে। টিকা দেওয়া হবে কিনা শুধুমাত্র এই সিদ্ধান্ত নেওয়ার জন্য বর্তমান বা অতীতের সংক্রমণ মূল্যায়ন করতে ভাইরাল বা সেরোলজিকাল পরীক্ষার সুপারিশ করা হচ্ছে না।

মৃদু অসুস্থতা থাকা ব্যক্তিদের টিকা দেওয়া যেতে পারে। কোনো ব্যক্তি অ্যান্টিবায়োটিক নিলে টিকা সেবন বন্ধ রাখবেন না।

কোভিড-19 টিকার জন্য প্রাক-টিকা সেবন যাচাই তালিকা

স্বাস্থ্যসেবার পেশাদারদের জন্য তথ্যাবলী

2. আপনি কি কখনো কোভিড-19 টিকার কোনো ডোজ নিয়েছেন?

কোভিড-19 টিকাগুলি পারস্পরিক প্রতিস্থাপনযোগ্য নয়।

দুই ডোজের পণ্যের ক্ষেত্রে মেডিক্যাল রেকর্ড, টিকা সেবন সংক্রান্ত তথ্যের সিস্টেম এবং টিকা সেবন রেকর্ড কার্ড দেখে প্রথমে যে পণ্যটি নেওয়া হয়েছে তা নির্ধারণ করুন। যদি প্রথম ডোজের জন্য টিকার পণ্য কী ছিল তা বোঝা না যায় বা আর সেই তথ্য না থাকে, তাহলে বিদ্যমান যেকোনো mRNA টিকা প্রয়োগ করা যেতে পারে (অন্তত 28 দিনের ব্যবধানে পৃথক ডোজ)। যদি দুটি ভিন্ন mRNA কোভিড-19 টিকার দুটি ডোজ অসাবধানতাবশত নেওয়া হয়, তাহলে পণ্যের আর কোনো অতিরিক্ত ডোজ না নিতে পরামর্শ দেওয়া হচ্ছে।

যারা পরীক্ষামূলক টিকা নিয়েছেন তাদের পরীক্ষণ স্পনসরের সাথে পরামর্শ করে ঠিক করা উচিত যে তাদের আর অতিরিক্ত ডোজ নেওয়া সম্ভব কিনা।

যারা যুক্তরাষ্ট্রের বাইরে কোভিড-19 টিকা নিয়েছেন:

- যারা FDA- অনুমোদিত কোভিড-19 টিকার সুপারিশকৃত সবকটি ডোজ নিয়েছেন তাদের আর কোনো অতিরিক্ত ডোজ নেওয়ার দরকার নেই। যারা FDA- অনুমোদিত এমন কোভিড-19 টিকার প্রথম ডোজ নিয়েছেন যেটির জন্য দুটি ডোজ প্রয়োজন, তাদের যুক্তরাষ্ট্রে টিকার সিরিজ আবার শুরু করার **দরকার নেই** কিন্তু তারা সুপারিশকৃত সময়ের যতটা সম্ভব কাছাকাছি সময়ে দ্বিতীয় ডোজ নেবেন।
- যারা WHO-এর সুপারিশকৃত আপৎকালীন ব্যবহারের জন্য তালিকাভুক্ত কোনো টিকার সবকটি সুপারিশকৃত ডোজ পাননি, তাদেরকে একটি FDA-অনুমোদিত কোভিড-19 টিকার অতিরিক্ত মাত্রা দেওয়ার **দরকার নেই** । বর্তমানে যুক্তরাষ্ট্রে অনুমোদিত কোভিড-19 টিকার ব্যবহারের জন্য অন্তর্বর্তী নিদানিক বিবেচনাগুলি দেখুন (https://www.cdc.gov/vaccines/covid-19/info-by-product/clinical-considerations.html)। এতে আপৎকালীন ব্যবহারের জন্য WHO-এর সুপারিশকৃত টিকার একটি তালিকা দেওয়া আছে।
- যারা WHO-এর সুপারিশকৃত আপৎকালীন ব্যবহারের জন্য তালিকাভুক্ত যেকোনো টিকার সবকটি সুপারিশকৃত ডোজ পাননি, তাদেরকে সম্পূর্ণ FDA-অনুমোদিত একটি কোভিড-19 টিকার সিরিজ দেওয়া হতে পারে। কোনো FDA-অনুমোদিত কোভিড-19 টিকা প্রয়োগের আগে FDA-অনুমোদনহীন টিকার শেষ ডোজের পরে অন্তত 28 দিন অপেক্ষা করুন।
- যারা WHO-এর সুপারিশকৃত আপৎকালীন ব্যবহারের জন্য তালিকাভুক্ত নয় এবং FDA-এর অনুমোদনহীন কোনো কোভিড-19 টিকার সবকটি বা কিছু সুপারিশকৃত ডোজ নিয়েছেন তাদেরকে সম্পূর্ণ FDA-অনুমোদিত একটি কোভিড-19 টিকার সিরিজ দেওয়া হতে পারে। কোনো FDA-অনুমোদিত কোভিড-19 টিকা প্রয়োগের আগে অনুমোদনহীন FDA- টিকার শেষ ডোজের পরে অন্তত 28 দিন অপেক্ষা করুন।

3. আপনার কি কখনো এগুলিতে অ্যালার্জি হয়েছে:

- নিচেরগুলিসহ কোভিড-19 টিকার কোনো উপাদান:
  - পলিইথিলিন গ্লাইকোল (PEG),যা জোলাপ এবং কোলনস্কপি পদ্ধতির জন্য প্রস্তুতির ওষুধের মতো কিছু ওষুধে পাওয়া যায়
  - পলিসরবেট, যেটি কিছু টিকা, ফিল্ম দিয়ে মোড়া ট্যাবলেট এবং ইন্ট্রাভেনাস স্টেরয়েডে থাকে
- কোভিড-19 টিকার আগের ডোজ

যাদের আগে কোনো কোভিড-19 টিকা নিয়ে সঙ্গে সঙ্গে অ্যালার্জিক প্রতিক্রিয়া* হয়েছিল বা টিকার কোনো উপাদানে অ্যালার্জি হয় বলে জানা গেছে (ধরা পড়েছে) তাদের টিকাটি নেওয়া বারণ।

যাদের কোনো mRNA কোভিড-19 টিকা নেওয়া বারণ তারা mRNA টিকাগুলির কোনোটির (ফাইজার-বায়োএনটেক বা মডার্না) ডোজ নিতে পারবেন না। যাদের কোনো mRNA কোভিড-19 টিকা নেওয়া বারণ (তার মধ্যে যাদের PEG†-তে অ্যালার্জি আছে বলে জানা গেছে [ধরা পড়েছে]) তাদেরকে ইয়ানসেন কোভিড-19 টিকা নেওয়ার সময় সতর্ক থাকতে হবে।

ইয়ানসেন কোভিড-19 টিকা নেওয়া বারণ এমন ব্যক্তিদের (তার মধ্যে যাদের পলিসরবেটে * অ্যালার্জি আছে বলে জানা গেছে [ধরা পড়েছে]) mRNA কোভিড-19 টিকা নেওয়ার সময় সতর্ক থাকতে হবে।

যাদের এমন কোনো টিকা বা ইঞ্জেকশনের মাধ্যমে নেওয়া থেরাপিতে সঙ্গে সঙ্গে অ্যালার্জিক প্রতিক্রিয়া দেখা দেওয়ার ইতিহাস আছে যাতে বিবিধ উপাদান রয়েছে, যার মধ্যে এক বা একাধিক উপাদান কোনো কোভিড-19 টিকাতেও আছে, তাদেরকে সেই কোভিড-19 টিকা নেওয়ার ব্যাপারে সতর্কতা অবলম্বন করতে হবে, এমনকি কোন উপাদান থেকে সেই অ্যালার্জিক প্রতিক্রিয়া হচ্ছে তা না জানা থাকলেও।

*যদি টিকা সেবনকারী সঙ্গে সঙ্গে অ্যালার্জিক প্রতিক্রিয়া দেখা দেওয়ার ইতিহাসের কথা জানান, তাহলে প্রদানকারীরা নির্ধারণ করার চেষ্টা করবেন যে টিকা সেবনের পরে দেখা দেওয়া প্রতিক্রিয়া সাধারণত টিকা সেবনের পরেই দেওয়া অ্যালার্জিক প্রতিক্রিয়ার সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা, যেমন ভেসোভেগাল প্রতিক্রিয়া বা টিকা সেবনের পার্শ্ব প্রতিক্রিয়া (যা কোনো mRNA কোভিড-19 টিকার দ্বিতীয় ডোজ নিতে বারণ করে দেওয়ার কারণ নয়)।

†পলিইথিলিন গ্লাইকল (PEG) দুটি mRNA কোভিড-19 টিকারই একটি উপকরণ, এবং পলিসরবেট 80 ইয়ানসেন কোভিড-19 টিকার একটি উপকরণ। PEG ও পলিসরবেট গঠনগত দিক থেকে একে অপরের সাথে সম্পর্কিত হওয়ায় এই দুই যৌগের মধ্যে পারস্পরিক-প্রতিক্রিয়াজনিত অতিসংবেদনশীলতা দেখা দিতে পারে।

কোভিড-19 টিকার জন্য প্রাক-টিকা সেবন যাচাই তালিকা

স্বাস্থ্যসেবার পেশাদারদের জন্য তথ্যাবলী

কোভিড-19 টিকার উপাদান*

বিবরণ	ফাইজার-বায়োএনটেক mRNA কোভিড-19 টিকা	মডার্না mRNA কোভিড-19 টিকা	ইয়ানসেন কোভিড-19 টিকা
সক্রিয় উপকরণ	নিউক্লিওসাইড-সংশোধিত mRNA যাতে SARS-CoV-2-র ভাইরাল স্পাইক (S) গ্লাইকোপ্রোটিন এনকোড করা আছে	নিউক্লিওসাইড-সংশোধিত mRNA যাতে SARS-CoV-2-র ভাইরাল স্পাইক (S) গ্লাইকোপ্রোটিন এনকোড করা আছে	ভাইরাল ভেক্টর; রিকম্বিন্যান্ট, অনুকরণে অক্ষম Ad26 ভেক্টর, যাতে SARS-CoV-2 স্পাইক (S) প্রোটিনের একটি স্থিতিশীল বৈচিত্র্য এনকোড করা আছে
নিষ্ক্রিয় উপকরণ	2[(পলিইথিলিন গ্লাইকল {PEG})- 2000]-N, N-ডাইটেট্রাডিসাইলেসিটামাইড	PEG2000-DMG: 1,2-ডিমিরিস্টোয়িল-র‍্যাক-গ্লাইসেরল, মেথক্সিপলিইথিলিন গ্লাইকল	পলিসরবেট-80
	1,2-ডিস্টিয়ারয়েল-এসএন-গ্লাইসেরো-3-ফসফোকোলাইন	1,2- ডিস্টিয়ারয়েল-এসএন-গ্লাইসেরো-3-ফসফোকোলাইন	2-হাইড্রক্সিপ্রোপিল-বিটা-সাইক্লোডেক্সট্রিন (HBCD)
	কোলেস্টেরল	কোলেস্টেরল	সাইট্রিক অ্যাসিড মোনোহাইড্রেট
	(4-হাইড্রক্সিবিউটিল) অ্যাজানেডিয়িল)বিস(হেক্সেন-6,1-ডায়িল)বিস(2-হেক্সাইলডেকানোয়েট)	SM-102: হেপ্টাডেকান-9-yl 8-((2-হাইড্রক্সিইথাইল) (6-oxo-6-(আনডিসাইক্লক্সি) হেক্সাইল) অ্যামিনো) অক্টানোয়েট	ট্রাইসোডিয়াম সাইট্রেট ডাইহাইড্রেট
	সোডিয়াম ক্লোরাইড	ট্রোমেথামাইন	সোডিয়াম ক্লোরাইড
	মোনোবেসিক পটাশিয়াম ফসফেট	ট্রোমেথামাইন হাইড্রোক্লোরাইড	ইথানল
	পটাশিয়াম ক্লোরাইড	অ্যাসিটিক অ্যাসিড	
	ডাইবেসিক সোডিয়াম ফসফেট ডাইহাইড্রেট	সোডিয়াম অ্যাসিটেট	
	সুক্রোজ	সুক্রোজ	

*এই টিকাগুলির কোনোটিতে ডিম, জিলেটিন, ল্যাটেক্স বা প্রিজার্ভেটিভ নেই।

কোভিড-19 টিকা নেওয়ার পরে অ্যালার্জিক প্রতিক্রিয়ার সম্ভাব্য বৈশিষ্ট্য, ভেসোভেগাল প্রতিক্রিয়া এবং টিকার পার্শ্ব প্রতিক্রিয়া

যেসব রোগী টিকা সেবনের পরে উপসর্গে ভুগছেন, তাদের এটিওলজি (অ্যালার্জিক প্রতিক্রিয়া, ভেসোভেগাল প্রতিক্রিয়া বা টিকার পার্শ্ব প্রতিক্রিয়াসহ) নির্ধারণ করা গুরুত্বপূর্ণ যাতে কোনো ব্যক্তি টিকার অতিরিক্ত ডোজ (কোনো mRNA কোভিড-19 টিকার দ্বিতীয় ডোজসহ) নিতে পারেন কিনা তা ঠিক করা যায়। নিচে দেওয়া লক্ষণ ও উপসর্গের সারণীটি সহায়ক উপকরণ হিসেবে দেখার জন্য, তবে তা সম্পূর্ণ বিবরণ নাও হতে পারে, রোগীদের সব লক্ষণ বা উপসর্গ নাও দেখা দিতে পারে। প্রদানকারীরা অসুস্থতা নির্ধারণ এবং তা যথাযথভাবে নিয়ন্ত্রণের জন্য রোগীকে মূল্যায়নের সময় তাদের নিদানিক বিবেচনা প্রয়োগ করবেন।

বৈশিষ্ট্য	সঙ্গে সঙ্গে অ্যালার্জিক প্রতিক্রিয়া (অ্যানাফাইল্যাক্সিসসহ)	ভেসোভেগাল প্রতিক্রিয়া	টিকার পার্শ্ব প্রতিক্রিয়া (স্থানীয় এবং তন্ত্রের)
টিকা সেবনের পরের সময়	বেশিরভাগই টিকা সেবনের 15-30 মিনিট পরে ঘটে	বেশিরভাগই টিকা সেবনের 15 মিনিট পরে ঘটে	টিকা সেবনের পরে গড়পড়তা 1 থেকে 3 দিনের মধ্যে ঘটে (যার বেশিরভাগই টিকা সেবনের পরের দিনে ঘটে)
লক্ষণ এবং উপসর্গ			
বৈশিষ্ট্য	**সঙ্গে সঙ্গে অ্যালার্জিক প্রতিক্রিয়া (অ্যানাফাইল্যাক্সিসসহ)**	**ভেসোভেগাল প্রতিক্রিয়া**	**টিকার পার্শ্ব প্রতিক্রিয়া (স্থানীয় এবং তন্ত্রের)**
শারীরিক	নিয়তি ঘনিয়ে আসার অনুভূতি	ঠান্ডা বা গরম লাগা	জ্বর, ঠান্ডা লাগা, ক্লান্তি
কিউট্যানিয়াস	~90% মানুষের মধ্যে প্রুরিটাস, আর্টিক্যারিয়া, ফ্লাশিং, অ্যাঞ্জিওইডিমাসহ অ্যানাফাইল্যাক্সিস ঘটিত ত্বকের উপসর্গ দেখা গেছে	বিবর্ণতা, ডায়াফোরেসিস, চটচটে ত্বক, মুখ গরম হয়ে ওঠার অনুভূতি	ইঞ্জেকশনের স্থানে ব্যথা, এরিদিমা বা ফোলা, টিকা সেবনের হাতে লিম্ফাডেনোপ্যাথি
স্নায়ু সংক্রান্ত	বিভ্রান্তি, স্থিতিবিন্যাস হারানো, মাথা ঘোরা, মাথা হালকা হয়ে যাওয়া, দুর্বলতা, মূর্চ্ছা যাওয়া	মাথা ঘোরা, মাথা হালকা হয়ে যাওয়া, সাময়িক অচেতনতা (প্রায়ই প্রোড্রোমাল উপসর্গের কয়েক সেকেন্ড বা মিনিট পরে), দুর্বলতা, দৃষ্টিশক্তিতে পরিবর্তন (যেমন আলোর শিখা দপ্ দপ্ করা, দৃষ্টিশক্তিতে ত্রুটি), শ্রবণশক্তিতে পরিবর্তন	মাথা ব্যথা

কোভিড-19 টিকার জন্য প্রাক-টিকা সেবন যাচাই তালিকা

স্বাস্থ্যসেবার পেশাদারদের জন্য তথ্যাবলী

বৈশিষ্ট্য	সঙ্গে সঙ্গে অ্যালার্জিক প্রতিক্রিয়া (অ্যানাফাইল্যাক্সিসসহ)	ভেসোভেগাল প্রতিক্রিয়া	টিকার পার্শ্ব প্রতিক্রিয়া (স্থানীয় এবং তন্ত্রের)
শ্বসন সংক্রান্ত	শ্বাস কষ্ট, বুকে সাঁ সাঁ শব্দ, ব্রঙ্কোস্প্যাজম, স্ট্রিডর, হাইপোক্সিয়া	ভিন্ন হতে পারে; শ্বসনের হার বেড়ে গেলে উদ্বেগ বেড়ে যেতে পারে	প্রযোজ্য নয়
হৃদযন্ত্র এবং রক্তনালী সংক্রান্ত	হাইপোটেনশন, ট্যাকিকার্ডিয়া	ভিন্ন হতে পারে; সাময়িক অচেতনতা সংশ্লিষ্ট ইভেন্টের সময় হাইপোটেনশন বা ব্র্যাডিকার্ডিয়া হতে পারে	প্রযোজ্য নয়
গ্যাস্ট্রোইনটেস্টিনাল	বমিভাব, বমি করা, তলপেটে খিল ধরা, পেট খারাপ	বমিভাব, বমি করা	বমি করা বা পেট খারাপ দেখা দিতে পারে
মাস্কুলোস্কেলিটাল	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়	মায়ালজিয়া, আর্থ্রালজিয়া
টিকার সুপারিশ			
বৈশিষ্ট্য	**সঙ্গে সঙ্গে অ্যালার্জিক প্রতিক্রিয়া (অ্যানাফাইল্যাক্সিসসহ)**	**ভেসোভেগাল প্রতিক্রিয়া**	**টিকার পার্শ্ব প্রতিক্রিয়া (স্থানীয় এবং তন্ত্রের)**
প্রথম ডোজে যদি কোনো mRNA কোভিড-19 টিকা নেওয়া হয়, তাহলে কি দ্বিতীয় ডোজেও কি mRNA টিকা নেওয়া সুপারিশকৃত?	না	হ্যাঁ	হ্যাঁ

স্বাস্থ্যসেবা প্রদানকারী এবং স্বাস্থ্য বিভাগও ক্লিনিকাল ইমিউনাইজেশন সেফটি অ্যাসেসমেন্ট COVIDvax প্রকল্পের কাছ থেকে পরামর্শ চাইতে পারে (https://www.cdc.gov/vaccinesafety/ensuringsafety/monitoring/cisa/index.html) কারণ যুক্তরাষ্ট্রে বসবাসকারী কোনো রোগীর জটিল কোভিড-19 টিকার সুরক্ষামূলক প্রশ্নগুলি CDC নির্দেশিকায় সহজে নাও পাওয়া যেতে পারে।

স্বাস্থ্যসেবা পেশাদারদের অবিলম্বে দেখা দেওয়া অ্যালার্জিক প্রতিক্রিয়া শনাক্ত করার সাথে অভ্যস্ত হতে হবে, তার মধ্যে অ্যানাফাইল্যাক্সিস অন্তর্ভুক্ত আছে, এবং তাদেরকে টিকা প্রয়োগের সময় এসবের চিকিৎসা করার ব্যাপারেও সুদক্ষ হতে হবে। কোভিড-19 টিকা প্রয়োগের পরে যদি কোনো গুরুতর অ্যানাফাইল্যাক্টিক প্রতিক্রিয়া দেখা দেয় তাহলে অ্যালার্জিক প্রতিক্রিয়া কমানোর জন্য সত্বর যেন যথাযথ চিকিৎসা সেবা পাওয়া যায়। কোভিড-19 টিকাদান কেন্দ্রে অ্যানাফাইল্যাক্সিস নিয়ন্ত্রণ | অতিরিক্ত নির্দেশিকার জন্য CDC দেখুন। https://www.cdc.gov/vaccines/covid-19/info-by-product/pfizer/anaphylaxis-management.html

ইঞ্জেকশনের মাধ্যমে দেওয়া টিকার ক্ষেত্রে বিশেষ করে কিশোর কিশোরীদের মধ্যে সাময়িক অচেতনত দেখা দিতে পারে। পড়ে গিয়ে আঘাত লাগা এবং সাময়িক অচেতনতার প্রতিক্রিয়া নিয়ন্ত্রণের জন্য যথাযথ পদ্ধতি যেন হাতের কাছে থাকে। কোভিড-19 টিকা নেওয়ার পরে সবাইকে অন্তত 15 মিনিটের জন্য পর্যবেক্ষণ করার সুপারিশ করা হচ্ছে। পর্যবেক্ষণ চলাকালে রোগীরা অজ্ঞান হয়ে পড়লে আঘাতের ঝুঁকি কমানোর জন্য তাদেরকে বসিয়ে বা শুইয়ে রাখতে হবে। যদি সাময়িক অচেতনতা বাড়ে, তাহলে উপসর্গ না কমা পর্যন্ত রোগীদেরকে পর্যবেক্ষণ করতে হবে।

4. আপনার কি কখনো অন্য কোনো টিকা (কোভিড-19 টিকা ছাড়া) বা ইঞ্জেকশনের মাধ্যমে নেওয়া থেরাপি থেকে অ্যালার্জিক প্রতিক্রিয়া হয়েছিল?

অন্য কোনো টিকা বা ইঞ্জেকশনের মাধ্যমে নেওয়া থেরাপিতে (যেমন, ইন্ট্রামাস্কুলার, ইন্ট্রাভেনাস, বা সাবকিউট্যানিয়াস টিকা বা থেরাপি যা কোভিড-19 টিকার উপাদানের সাথে সম্পর্কিত নয়) সঙ্গে সঙ্গে (4 ঘণ্টার মধ্যে) কোনো অ্যালার্জিক প্রতিক্রিয়া দেখা দেওয়ার ইতিহাস থাকলে তা বর্তমানে অনুমোদিত কোভিড-19 টিকার ক্ষেত্রে সতর্কতা হিসেবে বিবেচনা করা হবে। টিকা প্রয়োগ যেতে পারে, তবে রোগীদেরকে গুরুতর অ্যালার্জিক প্রতিক্রিয়া দেখা দেওয়ার অজানা ঝুঁকির ব্যাপারে উপদেশ দিতে হবে এবং সেই ঝুঁকিগুলির সাথে টিকা নেওয়ার উপকারিতা কী কী তাও জানিয়ে রাখতে হবে। টিকা সেবন স্থগিত রাখা এবং/বা কোনো অ্যালার্জিস্ট-ইমিউনোলজিস্টের সাথে পরামর্শ করার কথা বিবেচনা করা যেতে পারে। টিকা সেবনের বিবেচনার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে SARS-CoV-2-এর সংস্পর্শে আসার ঝুঁকি, কোভিড-19-এর দরুণ গুরুতর অসুস্থতা বা মৃত্যুর ঝুঁকি, অতীতে কোভিড-19 সংক্রমণ, কোভিড-19 টিকা সেবনের পরে অ্যানাফাইল্যাক্সিসের অজানা ঝুঁকি এবং অ্যানাফাইল্যাক্সিস হলে সঙ্গে সঙ্গে সেবনকারীকে পরিচর্যা করা দরকার হলে তা দিতে পারার সামর্থ্য। **টিকাদানের পরে এই ব্যক্তিদেরকে 30 মিনিট পর্যবেক্ষণ করতে হবে।**

5. নিদানিক বিবেচনা:

প্রতিক্রিয়া	বিবেচনা
18 থেকে 49 বছর বয়স্কা মহিলা	18 থেকে 49 বছর বয়স্কা মহিলারা FDA-অনুমোদিত কোভিড-19 টিকার যেকোনো একটি নিতে পারেন। তবে ইয়ানসেন কোভিড-19 টিকা নেওয়ার পরে তাদেরকে রক্ত জমাট বাঁধাসহ থ্রম্বোসাইটোপিনিয়ার (TTS) বিরল, কিন্তু বর্ধিত ঝুঁকি www.fda.gov/emergency-preparedness-and-response/coronavirus-disease-2019-covid-19/ janssen-covid-19-vaccine এবং FDA- অনুমোদিত অন্যান্য কোভিড-19 টিকার ব্যাপারে অবহিত করা উচিত। TTS একটি বিরল লক্ষণ যাতে শিরা বা ধমনীতে গুরুতর রক্ত জমাট বাঁধার ঘটনা ঘটে এবং যে রোগীদের সম্প্রতি বিন্দুমাত্র হেপারিন ছিল না তাদের মধ্যেও নতুন করে থ্রম্বোসাইটোপিনিয়ার সূত্রপাত ঘটতে দেখা যায়। টিকা সেবনকারীরা অতিরিক্ত শিক্ষামূলক উপকরণ পেতে পারেন এই লিঙ্ক থেকে www.cdc.gov/coronavirus/2019-ncov/vaccines/safety/JJUpdate.html.
টিকা বা ইঞ্জেকশনের মাধ্যমে দেওয়া থেরাপি ছাড়াও খাবার, পোষ্য, বিষ, পরিবেশ বা মুখে গ্রহণ করার ওষুধ থেকে গুরুতর অ্যালার্জিক প্রতিক্রিয়া হয়েছিল	বর্তমানে অনুমোদিত কোভিড-19 টিকা সেবনের ক্ষেত্রে টিকা, ইঞ্জেকশনের মাধ্যমে গ্রহণ করা থেরাপি বা কোভিড-19-এর টিকার উপাদানের সাথে সম্পর্কিত **নয়** এমন গুরুতর অ্যালার্জিক প্রতিক্রিয়াসহ অ্যালার্জিক প্রতিক্রিয়া বারণ বা সতর্কতাযুক্ত **নয়**। তবে, কারণ যাই হোক না কেন কোনো ব্যক্তির যদি যে কোনো কিছুতেই গুরুতর অ্যালার্জিক প্রতিক্রিয়া দেখা দিয়ে থাকে, তাহলে তাকে **টিকা সেবনের পরে 30 মিনিট ধরে পর্যবেক্ষণ করতে হবে।**
কোভিড-19 হয়েছিল এবং মোনোক্লোনাল অ্যান্টিবডি অথবা কনভালেসেন্ট সিরাম দিয়ে চিকিৎসা করা হয়েছিল	আগে উপসর্গসহ বা উপসর্গহীন SARS-CoV-2 সংক্রমণের ইতিহাস থাকা ব্যক্তিদেরকে টিকা সেবন করতে হবে। সংক্রমণ এবং টিকা সেবনের মধ্যে সময়ের কোনো ন্যূনতম বিরতি রাখার বিষয়টি সুপারিশকৃত নয়। তবে যদি কোনো রোগী কোভিড-19-এর চিকিৎসার জন্য মোনোক্লোনাল অ্যান্টিবডি অথবা কনভালেসেন্ট সিরাম পেয়ে থাকেন, তাহলে অন্তত 90 দিনের জন্য টিকা সেবন স্থগিত রাখা উচিত। অতিরিক্ত তথ্য বিদ্যমান না হওয়া পর্যন্ত এটি একটি সতর্কতামূলক পদক্ষেপ, যাতে টিকা-সৃষ্ট রোগ প্রতিরোধ ক্ষমতার ওপর অ্যান্টিবডি চিকিৎসার হস্তক্ষেপ এড়ানো যায়।

কোভিড-19 টিকার জন্য প্রাক-টিকা সেবন যাচাই তালিকা

স্বাস্থ্যসেবার পেশাদারদের জন্য তথ্যাবলী

প্রতিক্রিয়া	বিবেচনা
মাল্টিসিস্টেম ইনফ্লেমেটরি সিন্ড্রোম ছিল; হয় MIS-C (শিশু) বা MIS-A (প্রাপ্তবয়স্ক)	MIS-C বা MIS-A-র ইতিহাস থাকা ব্যক্তিদের মধ্যে কোভিড-19 টিকা সেবন থেকে অনিয়ন্ত্রিত রোগ প্রতিরোধ ক্ষমতার ঝুঁকি আছে কিনা তা জানা নেই। MIS-C বা MIS-A-র ইতিহাস থাকা ব্যক্তিরা টিকা সেবন করলেই ভালো হয়। টিকা সেবনের বিবেচনার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে: ▪ MIS-C বা MIS-A থেকে নিদানিকভাবে আরোগ্যলাভ করা, সাথে হৃদযন্ত্রের কার্যকলাপ স্বাভাবিক অবস্থায় ফিরে আসা ▪ গুরুতর কোভিড-19 হওয়ার ব্যক্তিগত ঝুঁকি (যেমন, বয়স, অন্তর্নিহিত রোগব্যাধি) ▪ কোভিড-19 কমিউনিটিতে ছড়ানো এবং আবার নিজে সংক্রামিত হওয়ার ঝুঁকি ▪ এসব অসুস্থতা হওয়ার পরে কোভিড-19 টিকার সুরক্ষা সংক্রান্ত ডেটার অভাব আছে ▪ কোনো ইমিউনোমডিউলেটরি থেরাপির সময় (টিকা সেবনের জন্য সাধারণ নীতি নির্দেশিকা নিয়ে আরও তথ্য পেতে দেখা যেতে পারে https://www.cdc.gov/vaccines/hcp/ acip-recs/general-recs/index.html) যেহেতু সাম্প্রতিক প্রমাণে দেখা গেছে প্রথমবার সংক্রমণের পরে SARS-CoV-2 আবার সংক্রামিত হওয়ার ঝুঁকি কম, তাই MIS-C বা MIS-A ইতিহাস থাকা ব্যক্তিদের উচিত সংক্রমণ সম্পূর্ণ সেরে না ওঠা পর্যন্ত এবং তাদের MIS-C বা MIS-A ধরা পড়ার পরে 90 দিন পর্যন্ত টিকা সেবন স্থগিত রাখা। রোগী, তাদের বাবা-মা এবং তাদের নিদানিক দল অথবা বিশেষজ্ঞের সাথে আলোচনা করলে তা কোভিড-19 টিকা সেবনের সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে সহায়ক হতে পারে। স্বাস্থ্যসেবা প্রদানকারী এবং স্বাস্থ্য বিভাগও ক্লিনিকাল ইমিউনাইজেশন সেফটি অ্যাসেসমেন্ট প্রকল্পের কাছ থেকে পরামর্শ চাইতে পারে www.cdc.gov/vaccinesafety/ensuringsafety/monitoring/cisa/index.html.
রোগ প্রতিরোধ ব্যবস্থা দুর্বল হয়ে রয়েছে (এইচআইভি সংক্রমণ, ক্যান্সার) **প্রতিরোধ ক্ষমতা দুর্বলকারী ওষুধ বা থেরাপি নেন**	কোভিড-19 টিকা অন্তর্নিহিত অসুস্থতা, যেমন এইচআইভি সংক্রমণ বা অন্যান্য ক্ষতিগ্রস্ত রোগ প্রতিরোধ ব্যবস্থাযুক্ত বা রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বলকারী ওষুধ বা থেরাপি নেওয়া ব্যক্তিদেরকে প্রয়োগ করা যেতে পারে যাদের টিকা নেওয়ার ক্ষেত্রে কোনো বারণ নেই। যাই হোক, অজানা টিকার সুরক্ষার পার্শ্বচিত্র এবং ক্ষতিগ্রস্ত রোগ প্রতিরোধ ব্যবস্থাযুক্ত ব্যক্তিদের মধ্যে সেগুলির কার্যকারিতার ব্যাপারে তাদেরকে পরামর্শ দেওয়া উচিত, সাথে রোগ প্রতিরোধ ক্ষমতা কমার সম্ভাবনা এবং তাদেরকে কোভিড-19-এর হাত থেকে সুরক্ষিত রাখতে সব সাম্প্রতিক নির্দেশিকা অনুসরণ করা চালিয়ে যাওয়ার প্রয়োজনীয়তাও বোঝাতে হবে। কোভিড-19 স্থানীয় বা ইন্ট্রাআর্টিকুলার চিকিৎসাসহ কর্টিকস্টেরয়েড চিকিৎসা নির্বিশেষে প্রয়োগ করা হতে পারে। রোগ প্রতিরোধের ক্ষমতা পুনর্লাভ করার পরে আবার টিকা নেওয়া সুপারিশকৃত নয়।
রক্ত জমাট বাঁধার সাথে সংশ্লিষ্ট অসুস্থতা আছে **রক্ত পাতলা করার ওষুধ সেবন করেন**	অন্য সব টিকার মতই কোভিড-19 টিকার পণ্যও এই রোগীদেরকে দেওয়া হতে পারে, যদি কোনো চিকিৎসক রোগীর রক্তপাতের ঝুঁকির সাথে পরিচিত থাকেন এবং তিনি নির্ধারণ করেন যে টিকাটি যথেষ্ট সুরক্ষার সাথে পেশির মধ্যে প্রয়োগ করা যেতে পারে। ACIP সুপারিশ করেছে যে রক্ত জমাট বাঁধার সাথে সংশ্লিষ্ট রোগী বা যারা রক্ত পাতলা করার ওষুধ সেবন করেন তারা ইন্ট্রামাস্কুলার টিকা সেবনের জন্য নিম্নলিখিত পদ্ধতি অবলম্বন করতে পারেন: টিকা সেবনের জন্য একটি সূক্ষ্ম-গজের ছুঁচ (23-গজ বা তার কম মাপের) ব্যবহার করা উচিত, টিকা দেওয়ার পরে জায়গাটি না ডলে জোরে চাপ দিয়ে অন্তত 2 মিনিট ধরে রাখতে হবে। যারা নিয়মিত ওষুধের অংশ হিসেবে অ্যাসপিরিন বা রক্ত পাতলাকারী ওষুধ সেবন করেন, তাদেরকে কোভিড-19 টিকা নেওয়ার আগে এই ওষুধগুলি বন্ধ করতে হবে না।

কোভিড-19 টিকার জন্য প্রাক-টিকা সেবন যাচাই তালিকা

স্বাস্থ্যসেবার পেশাদারদের জন্য তথ্যাবলী

প্রতিক্রিয়া	বিবেচনা
হেপারিন-সৃষ্ট থ্রম্বোসাইটোপিনিয়ার ইতিহাস **(HIT)**	রক্ত জমাট বাঁধাসহ থ্রম্বোসাইটোপিনিয়ার (TTS) কারণ কেন ইয়ানসেন কোভিড-19 টিকার সাথে সম্পর্কিত তা এখনও স্পষ্ট নয়, তবে মনে হয় এটি অন্য এক বিরল রোগ প্রতিরোধ ক্ষমতায় হস্তক্ষেপকারী লক্ষণ, যা হেপারিন-সৃষ্ট থ্রম্বোসাইটোপিনিয়ার (HIT) অনুরূপ। আরও তথ্য বিদ্যমান না হওয়া পর্যন্ত, রক্ত জমাট বাঁধা এবং থ্রম্বোসাইটোপিনিয়ার বৈশিষ্ট্যসহ HIT-র মত রোগ প্রতিরোধ ক্ষমতায় হস্তক্ষেপকারী সিন্ড্রোমের ঘটনার ইতিহাস আছে এমন ব্যক্তিদেরকে তাদের অসুস্থতা সেরে ওঠার 90 দিন পরে বা তার মধ্যেই আরেকটি কোভিড-19 টিকা (যেমন, mRNA টিকা) দেওয়া উচিত। 90 দিন পরে রোগীদেরকে FDA-অনুমোদিত যেকোনো কোভিড-19 টিকা টিকা সেবন করানো যেতে পারে। বিশেষজ্ঞরা মনে করেন যে নিম্নলিখিত বিষয়গুলি ইয়ানসেন কোভিড-19 টিকা নেওয়ার পরে সংশ্লিষ্ট ব্যক্তির মধ্যে TTS-এর ঝুঁকি বেশি বাড়ায় না। এই অসুস্থতা থাকা ব্যক্তিদেরকে যেকোনো FDA-অনুমোদিত কোভিড-19 টিকা দেওয়া যেতে পারে, যার মধ্যে ইয়ানসেন কোভিড-19 টিকাও অন্তর্ভুক্ত রয়েছে: ▪ ভেনাস থ্রম্বোএম্বলিজমের পূর্ব ইতিহাস ▪ ভেনাস থ্রম্বোএম্বলিজমের ঝুঁকির কারণ (যেমন, বংশজনিত বা প্রাপ্ত থ্রম্বোফিলিয়া যার মধ্যে ফ্যাক্টর V লাইডেন; প্রোথ্রম্বিন জিন 20210A মিউটেশন; অ্যান্টিফসফোলিপিড সিন্ড্রোম; প্রোটিন সি, প্রোটিন এস বা অ্যান্টিথ্রম্বিন ঘাটতি রয়েছে) ▪ থ্রম্বোসাইটোপিনিয়ার সাথে জড়িত নয় এমন অন্যান্য ধরনের রক্ত জমাট বাঁধার পূর্ব ইতিহাস ▪ গর্ভাবস্থা, প্রসবের পরের অবস্থা, হরমোন জনিত গর্ভনিরোধক উপাদান (যেমন, একসাথে মুখে গ্রহণ করার গর্ভনিরোধক, প্যাচ, রিং) গ্রহণ করা টিকা সেবনকারীরা অতিরিক্ত শিক্ষামূলক উপকরণ পেতে পারেন এই লিঙ্ক থেকে www.cdc.gov/coronavirus/2019-ncov/vaccines/safety/JJUpdate.html.
বর্তমানে গর্ভবতী বা স্তন্যপান করাচ্ছেন	গর্ভবতী বা স্তন্যদাত্রী মহিলারা বর্তমানে অনুমোদিত যেকোনো কোভিড-19 টিকা সেবনের যোগ্য এবং তা নিতে পারেন। বর্তমানে যেটুকু জানা গেছে তার ভিত্তিতে বিশেষজ্ঞরা মনে করেন যে কোভিড-19 টিকার পক্ষে গর্ভবতী মহিলা বা ভ্রূণের কোনো ঝুঁকি সৃষ্টি করা অসম্ভব। FDA-অনুমোদিত কোভিড-19 টিকাগুলি মা বা ভ্রূণ, কারোরই সংক্রমণ সৃষ্টি করতে পারে না। তবে এসব ব্যক্তির মধ্যে কোভিড-19 টিকার সম্ভাব্য ঝুঁকি অজানা, কারণ গর্ভবতী মহিলাদের মধ্যে টিকা নিয়ে সমীক্ষা করা হয়নি। সিদ্ধান্ত নেওয়ার সময় গর্ভবতী মহিলা এবং তাদের স্বাস্থ্যসেবা প্রদানকারীদের কমিউনিটির মধ্যে কোভিড-19 ছড়ানোর মাত্রা, রোগীর নিজের কোভিড-19 বহনের ঝুঁকি, রোগীর মধ্যে গুরুতর COVID-19 দেখা দেওয়ার ঝুঁকি বাড়া ও ভ্রূণের সম্ভাব্য ঝুঁকি, টিকা সেবনের জানা ও সম্ভাব্য উপকারিতা, টিকার কার্যকারিতা, টিকার পার্শ্ব প্রতিক্রিয়া, এবং গর্ভাবস্থায় টিকার সুরক্ষা নিয়ে সীমিত অথচ ক্রমবর্ধিত ডেটা ভালো করে বিবেচনা করা উচিত। 18 থেকে 49 বছর বয়স্কা গর্ভবতী, স্তন্যদাত্রী ও প্রসব-পরবর্তী মহিলাদের ইয়ানসেন কোভিড-19 টিকা নেওয়ার পরে TTS দেখা দেওয়ার ঝুঁকি এবং FDA-অনুমোদিত অন্যান্য কোভিড-19 টিকার (যেমন, mRNA টিকা) ব্যাপারে জেনে রাখা উচিত।
ডার্মাল ফিলার আছে	FDA-অনুমোদিত কোভিড-19 টিকাগুলি এমন বযকক্তিদ্র উপর প্রয়োগ করা যেতে পারে যারা ইঞ্জেকশনের মাধ্যমে ডার্মাল ফিলার নিয়েছেন, ও যাদের টিকা নেওয়ার ব্যাপারে কোনো বারণ বা সতর্কতা অবলম্বনের দরকার নেই। অনিয়মিতবাবে, এসব ব্যক্তি কোভিড-19 টিকার কোনো একটি ডোজ প্রয়োগের পরে ফিলার ইঞ্জেকশনের স্থানে বা তার কাছাকাছি (সাধারণত মুখে বা ঠোঁটে) সাময়িকভাবে ফোলাভাব লক্ষ্য করতে পারেন। টিকা সেবনের পর ডার্মাল ফিলারের কাছাকাছি কোথাও ফোলা দেখা গেলে টিকা সেবনকারীকে তাদের স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করার পরামর্শ দেওয়া হচ্ছে।